Government of West Bengal
Office of The Child Development Project Officer
Shyampur II ICDS Project
Sasati,Shyampur,Howrah-711312
cdpo.shy2@gmail.com

**স্মারক নং:-১২০/আই সি ডি এস / শ্যামপুর ২** **তারিখ : ২৭-০৪-২০২২**

-: <u>বিজ্ঞপ্তি</u> :-

এতদ্বারা **শ্যামপুর** ২ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, জেলা-হাওড়া - এর অন্তর্গত অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলিতে শূন্যপদগুলি পূরনের জন্য অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদে উপযুক্ত মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই পদ গুলি কোন স্থায়ী সরকারী পদ নয়, স্বেচ্ছাসেবামূলক পদ, নির্বাচিত প্রার্থীরা শুধুমাত্র সরকার নির্ধারিত সাম্মানিক ভাতা পাবেন এবং কোনও কারনে প্রকল্প স্থগিত বা বন্ধ হয়ে গেলে তাদের দায়দায়িত্ব নিতে সরকার বাধ্য থাকবেন না।

**অঙ্গনওয়াড়ী কর্মী পদে প্রার্থীদের শ্যামপুর** ২ নং **প্রকল্পের এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে** এবং **সহায়িকা পদে প্রার্থীদের যে গ্রাম পঞ্চায়েত এলাকায় শূন্যপদটি অবস্থিত, সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।**

আগামী ইং ২৭/০৪ /২০২২ তারিখ থেকে ২৩/০৫/২০২২তারিখ পর্যন্ত প্রতিটি সরকারী কাজের দিন অত্র প্রকল্প অফিসে দুপুর ১২ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত আবেদনপত্র গ্রহন করা হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ঃ ২৩/০৫/২০২২, বিকাল ৪ টা পর্যন্ত।

<u>আবেদনকারীর নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে :-</u>

**<u>১)</u>বাসস্থান** :- শ্যামপুর ২ নং প্রকল্প তথা শ্যামপুর ২ নং পঞ্চায়েত সমিতিতে কেবলমাত্র আমড়দহ, বাছরি, বারগ্রাম, ডিহিমন্ডল ঘাট -১, ডিহিমন্ডল ঘাট -২, খারুবেড়িয়া, নাকোল, শশাটি এই ৮ টি গ্রামপঞ্চায়েত অন্তর্ভুক্ত ।

**অঙ্গনওয়াড়ী কর্মী পদে** প্রার্থীদের **শ্যামপুর** ২ নং প্রকল্পের এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে ।

**সহায়িকা পদে** প্রার্থীদের যে গ্রাম পঞ্চায়েত এলাকায় শূন্যপদটি অবস্থিত, সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**<u>২) আবেদনকারীর বয়স</u> ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদে শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন, ০১-০৪-২০২২,তারিখে তাদের বয়স নূন্যতম ১৮ বছর এবং সর্বাধিক ৪৫ বছর হতে হবে ।

**৩) আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ-**

**অঙ্গনওয়াড়ী কর্মী** পদের সকল প্রার্থীদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা --- যে কোনো সরকারিভাবে অনুমোদিত বোর্ড থেকে **মাধ্যমিক বা সমতুল্য** পরীক্ষা উত্তীর্ন। তবে উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও অঙ্গনওয়াড়ী কর্মী পদের জন্য আবেদন করতে পারবেন।

**অঙ্গনওয়াড়ী সহায়িকা** পদে সকল প্রার্থীদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা -- যে কোনো সরকারিভাবে অনুমোদিত স্কুল থেকে **অষ্টম শ্রেনী উত্তীর্ন**। তবে উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের জন্য আবেদন করতে পারবেন।

**৪) কর্মজীবনের অবসানের বয়স ঃ-**

বর্তমানে সরকারী নির্দেশিকা অনুযায়ী প্রতিটি অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকার ৬৫ (পয়ষট্টি) বছর বয়স পূর্ণ হলে এই স্বেচ্ছাসেবামূলক কাজ থেকে তাদের বাধ্যতামূলকভাবে কর্মজীবনের অবসান ঘটবে।

**পদগুলির বিবরণ ঃ-**

**বর্তমান বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত সরাসরি নিয়োগের উপযুক্ত পদগুলির সংখ্যা ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ঃ মোট শূন্যপদ = ৩ টি

অঙ্গনওয়াড়ী সহায়িকা ঃ মোট শূন্যপদ = ১৭ টি

**পদগুলির অবস্থান ঃ-**

**অঙ্গনওয়াড়ী কর্মী** পদগুলি শ্যামপুর ২ নং পঞ্চায়েত সমিতি, হাওড়া -এর অন্তর্গত গ্রাম পঞ্চায়েত গুলিতে অবস্থিত ।

| প্রকল্পের নাম | অঙ্গনওয়াড়ী কর্মী পদে শূন্যপদের মোট সংখ্যা | শূন্যপদের বিবরণ |
|---|---|---|
| শ্যামপুর ২ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প | ৩ | সকল শূন্যপদ **তপশিলী উপজাতি** শ্রেনীভুক্ত প্রার্থীদের জন্য সংরক্ষিত |

অঙ্গনওয়াড়ী সহায়িকা পদগুলি শ্যামপুর ২ নং পঞ্চায়েত সমিতি, হাওড়া -এর নিম্নলিখিত গ্রাম পঞ্চায়েত গুলিতে অবস্থিত :-

| সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের নাম | মোট শূন্যপদের সংখ্যা | শূন্যপদের বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | অসংরক্ষিত | তপশিলী জাতি | তপশিলী উপজাতি | অন্যান্য অনগ্রসর শ্রেণী (এ) | অন্যান্য অনগ্রসর শ্রেণী ( ) | শারীরিক প্রতিবন্ধী |
| আমড়দহ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বাছরি | ২ | ০ | ১ | ১ | ০ | ০ | ০ |
| বারগ্রাম | ২ | ১ | ০ | ০ | ১ | ০ | ০ |
| ডিহিমন্ডল ঘাট -১ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ডিহিমন্ডল ঘাট-২ | ২ | ১ | ০ | ১ | ০ | ০ | ০ |
| খারুবেড়িয়া | ৮ | ৩ | ১ | ৪ | ০ | ০ | ০ |
| নাকোল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শশাটি | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ |
| **মোট** | ১৭ | ৮ | ২ | ৬ | ১ | ০ | ০ |

**প্রার্থী নির্বাচন প্রক্রিয়া ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের জন্য প্রার্থীদের নিম্নলিখিত লিখিত পরীক্ষায় (পূর্নমান-৯০) বসতে হবে এবং লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের মৌখিক পরীক্ষা (পূর্নমান-১০) দিতে হবে । লিখিত পরীক্ষায় যেসব বিষয়ের পরীক্ষা নেওয়া হবে, সেগুলি হল ঃ-

ক) মাতৃভাষায় ১৫০ শব্দের রচনা লিখন(অষ্টমশ্রেনী মান) ঃ পূর্নমান - ১৫

খ) পাটি গনিত(অষ্টমশ্রেনী মান) ঃ পূর্নমান - ২০

গ) পুষ্টি-জনস্বাস্থ্য-মহিলাদের অবস্থান বিষয়ক প্রশ্ন ঃ পূর্নমান - ১৫

ঘ) ইংরেজী ভাষাজ্ঞান (প্রার্থীর ইংরেজী ভাষা সম্পর্কে সাধারণ জ্ঞান, ভাষান্তরকরণ/অনুবাদ ইত্যাদি)(অষ্টম/নবম শ্রেনী মান) ঃ পূর্নমান - ২০

ঙ) সাধারণ জ্ঞান ঃ পূর্নমান - ২০

(অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের পরীক্ষার্থীদের জন্য পৃথক প্রশ্নপত্র রচিত হবে)

**আবেদনপত্রের সঙ্গে যা যা জমা দিতে হবে ঃ-**

১) প্রার্থীর বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট (মূলকপি-৬ মাসের মধ্যে প্রাপ্ত ।প্রার্থীদের বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট এলাকায় সাংসদ/বিধায়ক/জেলা পরিষদ সভাপতি/পঞ্চায়েত সমিতির সভাপতি/গ্রাম পঞ্চায়েতের প্রধান অথবা জেলাশাসক/অতিরিক্ত জেলাশাসক/মহকুমাশাসক/সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি.ডি.ও.)-এর কাছ থেকে সংগ্রহ করতে হবে। )।

২) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৩) প্রার্থীর বয়স সংক্রান্ত সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৪) প্রার্থীর জাতিগত পরিচয় সংক্রান্ত সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৫) প্রার্থীর সাম্প্রতিক তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি এবং একটি স্ট্যাম্প সাইজ ছবি (একটি পাসপোর্ট ছবি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আটকে দিতে এবং অন্য ২-টি ছবি আবেদনপত্রের সঙ্গে

আলাদাভাবে খামের মধ্যে দিতে হবে)।

৬) আবেদনকারীর নাম ও সম্পূর্ন ঠিকানা সম্বলিত এবং ছয় (৬/-) টাকার ডাকটিকিট সম্বলিত একটি (১০" X৪" ) মাপের খাম দিতে হবে ।

৭) এপিক, আধার কার্ড এর কপি (স্বপ্রত্যয়িত কপি)।

বিজ্ঞপ্তিতে বর্ণিত দরখাস্তের বয়ান আনুযায়ী প্রতিটি কলম সম্পূর্ণ রূপে পূরণ করে নিম্নস্বাক্ষরকারীর কার্য্যালয়ে রাখা নির্দিষ্ট বাক্সে জমা দিতে হবে; উক্ত বয়ান ব্যতীত অন্য কোনো বয়ানে আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে। উপরিউক্ত সকল প্রমান পত্র ও খাম সহ আবেদনপত্রটি একটি বড় খামে ভরে মুখবন্ধ অবস্থায় সুসংহত শিশুবিকাশ প্রকল্প আধিকারিক, **শ্যামপুর ২ নং** সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প , হাওড়া এই ঠিকানায় প্রদান করতে হবে। উক্ত খামের ওপর কোন পদের জন্য আবেদন করা হয়েছে সঠিকভাবে তার উল্লেখ থাকা বাধ্যতামূলক। তদুপরি খামের বামদিকে আবেদনকারীর নাম এবং গ্রাম পঞ্চায়েতের নামসহ ঠিকানা অবশ্যই লিখতে হবে।

**দরখাস্ত জমা দেবার শেষ তারিখ :- -২৩/০৫/ ২০২২ (বিকাল ৪ -টে পর্যন্ত)**

**আবেদনকারীদের প্রতি কয়েকটি নির্দেশ ঃ-**

১) বিজ্ঞপ্তির সঙ্গে যে আবেদনপত্রের নমুনা দেওয়া হল, ঐ নমুনা অনুযায়ী আবেদন করতে হবে। নমুনা আবেদন পত্রটি ফটোকপি করে তাতে আবেদন করলে তাও গ্রাহ্য করা হবে। উপরন্তু সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি হাওড়া জেলার ওয়েবসাইট ..(howrah.gov.in).থেকে ডাউনলোড করা যেতে পারে। নমুনা অনুসারে সঠিকভাবে সম্পূর্ণ করে নির্দিষ্ট বাক্সে জমা দিতে হবে ,জমার জন্য কোনো রসিদ কর্তৃপক্ষের পক্ষ থেকে দেওয়া হবেনা।

২) কোনো ভুল বা অসঙ্গত তথ্য দিয়ে উপরোক্ত শর্তাবলী লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৩) পদে নিযুক্তির পরবর্তী সময়ে কোন তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্তাবলীর কোনটি লঙ্ঘিত হয়েছিল বলে প্রমাণিত হলে তৎক্ষণাৎ সেই নিযুক্তি বাতিল হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে সরকারী নিয়ম অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হবে ।

৪) আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হবে । জমা আবেদন পত্রে কোন পরিবর্তনের জন্য কোন অনুরোধ বিবেচিত হবে না ।

৫) কোন পরীক্ষায় হাজির হওয়ার জন্য কোন গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাবে না ।

৬) প্রার্থীদের বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট এলাকায় সাংসদ/বিধায়ক/জেলা পরিষদ সভাপতি/পঞ্চায়েত সমিতির সভাপতি/গ্রাম পঞ্চায়েতের প্রধান অথবা জেলাশাসক/অতিরিক্ত জেলাশাসক/মহকুমাশাসক/সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি.ডি.ও.)-এর কাছ থেকে সংগ্রহ করতে হবে।

৭) সংরক্ষিত পদগুলির ক্ষেত্রে শুধুমাত্র জেলাশাসক/মহকুমাশাসক প্রদত্ত তপশিলি জাতি/তপশিলি উপজাতি/ও.বি.সি.(এ/বি) সংক্রান্ত সার্টিফিকেট গ্রাহ্য করা হবে।

৮) **যদি কেউ অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা উভয়ের জন্য আবেদন করতে চান তাহলে দুটো পদের জন্য পৃথক আবেদন করতে হবে ।একই আবেদনে করলে শুধুমাত্র একটি পদের জন্য বিবেচনা করা হবে।**

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
**শ্যামপুর ২ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**
**শশাটি, শ্যামপুর, হাওড়া**

আরক্ষ নং:-১২০/আই সি ডি এস / শ্যামপুর ২ ,তারিখ :২৭-০৪-২০২২, এই বিজ্ঞপ্তিটি, জনসাধারণের জ্ঞাতার্থে প্রেরণ করা হলো, প্রতি :

১)সম্মানীয়া মুক্তা আর্য, জেলা শাসক, হাওড়া ও চেয়ারপার্সন, জেলা নির্বাচক ও উপদেষ্টা মন্ডলী, হাওড়া
২) মাননীয় ডক্টর রানা চ্যাটার্জী, বিধায়ক, বালি (হাওড়া ) ও ভাইস-চেয়ারম্যান , জেলা নির্বাচক ও উপদেষ্টা মন্ডলী, হাওড়া
৩) মাননীয় সীতানাথ ঘোষ, বিধায়ক, জগৎবল্লভপুর (হাওড়া) ও সদস্য, জেলা নির্বাচক ও উপদেষ্টা মণ্ডলী
৪) মাননীয় অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন ), হাওড়া
৪)মাননীয় মহকুমা শাসক , উলুবেড়িয়া, হাওড়া
৫)মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই সি ডি এস ), হাওড়া
৬)মাননীয় কালিপদ মণ্ডল, বিধায়ক, শ্যামপুর, হাওড়া
৭) মাননীয়া আম্বিয়া খাতুন, সম্মানীয়া কর্মাধ্যক্ষা, শিশু-নারী-জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতি, হাওড়া জেলা পরিষদ।
৮) জেলা সমাজ কল্যাণ আধিকারিক, হাওড়া
৯) জেলা তথ্য ও সংস্কৃতি অধিকারিক, হাওড়া।
১০)মাননীয় সভাপতি, জুলফিকার আলি মোল্লা, শ্যামপুর ২ পঞ্চায়েত সমিতি
১১)শ্রীমতি ঝর্ণা প্রামানিক, সম্মানীয়া কর্মাধ্যক্ষা, শিশু-নারী-জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতি, হাওড়া জেলা পরিষদ।
১২) মাননীয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক, শ্যামপুর ২ ব্লক
১৩) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক,শ্যামপুর ২ ব্লক
১৪) ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক (বি, এল, এল, আর, ও), শ্যামপুর ২, হাওড়া।
১৫) ব্লক প্রাণী সম্পদ বিকাশ আধিকারিক, শ্যামপুর ২, হাওড়া।
১৬) ব্লক যুব আধিকারিক, শ্যামপুর ২, হাওড়া।
১৭) ভারপ্রাপ্ত আধিকারিক (ও,সি), শ্যামপুর থানা, হাওড়া।
১৮) বিদ্যালয় অবর পরিদর্শক (এস, আই, অফ স্কুল), নর্থ (উত্তর ) সার্কল, শ্যামপুর ২, হাওড়া।
১৯) বিদ্যালয় অবর পরিদর্শক (এস, আই, অফ স্কুল), সেন্ট্রাল (মধ্য ) সার্কল, শ্যামপুর ২, হাওড়া।
২০) পোস্টমাস্টার, শশাটি ডাকঘর
২১)সম্মানীয় /সম্মানীয়া প্রধান, অমরদহ গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২২)সম্মানীয় /সম্মানীয়া প্রধান, বাছরি গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২৩)সম্মানীয় /সম্মানীয়া প্রধান, বারগ্রাম গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২৪)সম্মানীয় /সম্মানীয়া প্রধান, ডিহিমন্ডল ঘাট -১ গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২৫)সম্মানীয় /সম্মানীয়া প্রধান ,ডিহিমন্ডল ঘাট-২ গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২৬)সম্মানীয় /সম্মানীয়া প্রধান, খারুবেড়িয়া গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২৭)সম্মানীয় /সম্মানীয়া প্রধান, নাকোল গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২৮)সম্মানীয় /সম্মানীয়া প্রধান, শশাটি গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ২পঞ্চায়েত সমিতি, হাওড়া।
২৯)*The D.I.C.O. NIC, Howrah witha request to upload this notice to the Official Website of Howrah District at the earliest.*
৩০)নোটিশ বোর্ড, শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, শ্যামপুর ২

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**শ্যামপুর ২ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**
**শশাটি, শ্যামপুর, হাওড়া -৭১১৩১**

(স্মারক নং:-১২০/আই সি ডি এস / শ্যামপুর ২ ,তারিখ :২৭-০৪-২০২২অনুসারে)

অঙ্গনওয়াড়ীকর্মী/সহায়িকা পদের জন্য আবেদনপত্রের বয়ান

মাননীয়

শিশু বিকাশ প্রকল্প অধিকারিক

**শ্যামপুর ২ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**

**শশাটি, শ্যামপুর, হাওড়া -৭১১৩১২**

মহাশয়,

**এখানে ছবি লাগান** (স্বপ্রত্যয়িত)

আমি আপনার অফিস বিজ্ঞপ্তি **নং:- /আই সি ডি এস / শ্যামপুর ২,তারিখ** : ২৭-০৪-২০২২ **অনুসারে** অনুযায়ী অঙ্গনওয়াড়ী কর্মী/সহায়িকা পদের জন্য আবেদন করছি, আমার সমস্ত বিবরন নিম্নে প্রদত্ত হল।

০১) প্রার্থীর সম্পূর্ন নাম ঃ ..............................................................................................

(English capital letter)----------------------------------------------------------

০২) পিতা/স্বামীর নাম ঃ ..............................................................................................

০৩) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম-........................................................, পোষ্ট - ..............................

গ্রাম পঞ্চায়েত - ................................................, থানা - ..............................................

জেলা - ..........................................................., পিন কোড নং - ..................................

০৪) বর্তমান ঠিকানা ঃ গ্রাম-........................................................, পোষ্ট - ..............................

গ্রাম পঞ্চায়েত - ................................................, থানা - ..............................................

জেলা - ..........................................................., পিন কোড নং - ..................................

০৫) জন্ম তারিখ ঃ ......................................................., (ইংরাজি সন অনুযায়ী)

০৬) বয়স (২৭/০৪/২০২২তারিখে) ঃ .......................বছর, ...............................মাস, ...............................দিন

০৭) শিক্ষাগত যোগ্যতা ঃ ..............................................................................................

০৮) প্রার্থী তপশিলী উপজাতি/তপশিলী জাতি/ও.বি.সি.(এ/বি) ভুক্ত ঃ ................................ (উল্লেখ করুন)

০৯) এপিক নং ঃ ................................................

১১) আধার নং ঃ................................................

১০) **মোবাইল নং** ঃ..........................................

১২) প্রার্থীর মাতৃভাষা ঃ ..............................................................

(৩ নং থেকে ১১ নং সারনীতে বর্নিত সমস্ত প্রমান পত্রের স্বপ্রত্যয়িত কপি জমা দিতে হবে)

## ঘোষণাপত্র

**আমি অঙ্গীকার করছি যে উপরোক্ত সমস্ত তথ্য সর্বৈব সত্য এবং এর কোন একটি ভুল বা মিথ্যা প্রমানিত হলে আমার প্রার্থীপদ বাতিল বলে গন্য হবে এবং আমি তা মেনে নিতে বাধ্য থাকবো।**

প্রার্থীর সম্পূর্ন স্বাক্ষর ঃ ..............................................................

তারিখ ঃ ...................................

প্রার্থীর সম্পূর্ন নাম ঃ ...................................................